



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-০৫৭

আগামীকাল বিশ্ব বসতি দিবস

রাজশাহী; ২১ আশ্বিন (০৬ অক্টোবর):

আগামীকাল সোমবার (৭ অক্টোবর) বিশ্ব বসতি দিবস। রাজশাহীতে দিবসটি উদযাপনে আরডিএ আলোচনা সভা ও র্যালি কর্মসূচি হাতে নিয়েছে।

দিবসটির এবারের প্রতিপাদ্য 'Engaging youth to create a better urban future' অর্থাৎ 'তরুণদের সম্পৃক্ত করি, উন্নত নগর গড়ি।'

এ দিন সকাল নয়টায় বিভাগীয় কমিশনার কার্যালয় হতে একটি র্যালি শুরু হয়ে শিল্পকলা একাডেমীতে গিয়ে শেষ হবে।

পরে শিল্পকলা একাডেমী মিলনায়তনে দিবসটির প্রতিপাদ্যের উপর আলোচনা সভা অনুষ্ঠিত হবে। সভায় বিভাগীয় কমিশনার ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর প্রধান বক্তা হিসেবে বক্তৃতা করবেন।

.....
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/হালিম/১২:৪৬ঘ.